Times Today BD

মো. নাঈম | বরিশাল | 14 April, 2025

বাংলা নববর্ষ উপলক্ষে ঝালকাঠিতে আয়োজিত বৈশাখী অনুষ্ঠানে গ্রাম বাংলার ঐতিহ্যবাহী হা-ডু-ডু খেলা নতুন করে প্রাণ ফিরে পেয়েছে। সোমবার (১৪ এপ্রিল) সকাল ১১টায় শিশু পার্ক মিলনায়তনে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই হা-ডু-ডু খেলায় অংশ নেয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং যুব উন্নয়ন অধিদপ্তর। জমজমাট প্রতিযোগিতায় কৌশলগত খেলায় এগিয়ে থেকে চ্যাম্পিয়নের শিরোপা জিতে নেয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, আর রানার্স-আপ হয় যুব উন্নয়ন অধিদপ্তর।খেলায় রেফারি ও খেলোয়াড়দের জেলা প্রশাসনের পক্ষ থেকে পুরস্কৃত করা হয়।খেলা চলাকালীন "টাক টাক" ধ্বনিতে মুখর ছিল পুরো মিলনায়তন।চারপাশে ভিড় করে থাকা দর্শকদের উচ্ছ্বাসে খেলার আমেজ আরও প্রাণবন্ত হয়ে ওঠে।

জেলা প্রশাসক মো. আশরাফুর রহমান বলেন, “ঐতিহ্যবাহী হা-ডু-ডু খেলা এখন প্রায় বিলুপ্তির পথে।নতুন প্রজন্মকে উৎসাহিত করতে ও ঐতিহ্যকে ধরে রাখতে এই আয়োজন করা হয়েছে।”

বাংলা নববর্ষ ঘিরে জেলা প্রশাসনের উদ্যোগে ছিল নানা আয়োজন।১৩ এপ্রিল (৩০ চৈত্র) অনুষ্ঠিত হয় রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা। নববর্ষের দিন সকাল ৯টায় কালেক্টরেট চত্বরে জাতীয় সংগীত পরিবেশনা ও "এসো হে বৈশাখ" গানের মধ্য দিয়ে উৎসবের সূচনা হয়।এরপর জেলা প্রশাসকের নেতৃত্বে শোভাযাত্রা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শিশু পার্ক উন্মুক্ত মঞ্চে এসে শেষ হয়।

পরে সকাল সাড়ে ৯টায় উদ্বোধন করা হয় লোকজ মেলা, যেখানে দেশের ঐতিহ্যবাহী পণ্য ও সংস্কৃতির প্রদর্শনী ছিল চোখে পড়ার মতো।হা-ডু-ডু খেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের পর বিকেল ৫টায় অনুষ্ঠিত হয় বাউল প্রহর এবং সন্ধ্যা ৭টায় জারি গান সন্ধ্যা।

গ্রামীণ ঐতিহ্য ও সংস্কৃতির এমন প্রাণবন্ত আয়োজন সাধারণ মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা তৈরি করেছে।

বৈশাখী হা-ডু-ডু নববর্ষ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:50

URL: https://timestodaybd.com/barishal/122861787